500 Rs.

INDIA NON JUDICIAL

५०० रू.  Rs 500

पाँच सौ रुपये FIVE HUNDRED RUPEES

।। মং ৫,০০০ পাঁচ হাজার টাকা পণে সাফ বিক্রয় কোবালা ।।

ক্রেতা :: -

শ্রীমতি বাসন্তী বিশ্বাস, স্বামী শ্রী সুরেন্দ্র নাথ বিশ্বাস, সাং - রেকজোয়ানী, থানা - রাজারহাট, জেলা - উত্তর ২৪ পরগণা, জাতি - হিন্দু, পেশা - ব্যবসা ।

বিক্রেতা ::-

১। শ্রী প্রবীর রঞ্জন বিশ্বাস, ২। শ্রী সমীর রঞ্জন বিশ্বাস, উভয়ের পিতা- শ্রী সুরেন্দ্র নাথ বিশ্বাস, উভয়ের সাং রেকজোয়ানী, থানা - রাজারহাট জেলা উত্তর ২৪ পরগণা, জাতি - হিন্দু, পেশা - ব্যবসা ।।

কস্য সাফ বিক্রয় কোবালা পত্রমিদং কার্য্যঞ্চাগে: - জেলা উত্তর ২৪ পরগণা থানা রাজারহাট ও সাবরেজিষ্ট্রী যোং এ. ডি. এস. আর বিধান-

10 Rs.




॥ ২ ॥

বিধাননগর সল্টলেক সিটি এলাকাধীন কলিকাতা পরগণার মৌজা রেকজোয়ানী গ্রামে ২১১৮ নং তৌজি ভুক্ত হাল মালিক পশ্চিমবঙ্গ রাজ্য সরকার পক্ষে ২৪ পরগণা জেলা কালেক্টার বাহাদুরের অধিকারে রায়ত দখলি স্বত্ব বিশিষ্ট নিম্ন তপশীলে বর্ণিত সম্পত্তি পূর্ব্বাধিকারী জনৈকা সুবাসিনী দাসী মহাশয়ার পৈতৃক ওয়ারেশ সূত্রে প্রাপ্ত স্বত্ব দখলিয় সম্পত্তি থাকে । সুবাসিনী দাসী উক্ত ও নিম্ন তপশীলে বর্ণিত জমি ভোগ দখল করিতে থাকাকালীন বিগত ইংরাজী ১৩.০৫.১৯৭৪ তারিখে কাশীপুর দমদম সাবরেজিষ্ট্রী অফিসের ১ নং বহির ৬২ নং ভলুমের ২০২ হইতে ২০৬ নং পাতায় লিখিত ৩১৬০ নং একক্ষেত্রে রেজিষ্ট্রীকৃত সাফ কোবলা দলিলে রেকজোয়ানী হাসপাতাল নিবাসী জনৈকা সুধা ব্যানার্জ্জী ও জনৈকা ইরা দাসগুপ্তা দ্বয়ের নিকট বিক্রি করেন ও খাস দখল প্রদান করেন । সুধা ব্যানার্জ্জী ও ইরা দাসগুপ্তা দ্বয় উক্ত ও তপশীলে বর্ণিত জমি খরিদান্তে উহার খাস দখল লইয়া ভোগ দখলিকার থাকাবস্থায় বিগত ইংরাজী ০৮.০৮.১৯৭৫ তারিখে কাশীপুর দমদম সাবরেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত ১ নং বহির ১০১ নং ভলুমের ৭০ নং হইতে ৭৪ নং পাতায় লিখিত ৭[illegible]৯ নং সাফ কোবলা দলিলে আদিত্য আচারিয়া মহাশয়ের নিকট বিক্রয় করেন । আদিত্য আচারিয়া মহাশয় উক্ত জমি ভোগ দখলিকার

থাকাকালে উক্ত জমির মধ্যে হাল ৩৬৮ দাগে ৬ কাঠা ১ ছটাক ১০ ব: ফু: জমি ও হাল ৩৬৭ দাগে ২ কাঠা ৭ ছটাক জমি আমরা অত্র বিক্রেতা দ্বয় আমাদের বরাবর বিক্রয় করিয়া নি:স্বত্ব হইলে আমরা উক্ত জমির মালিক দখলিকার আছি যাহা আমাদের বিক্রয় করিবার স্বত্বাধিকার বর্তমান আছে ।

এক্ষণে আমার নানা প্রকার বৈধ কারণ বশত: নগদ টাকার বিশেষ আবশ্যক হেতু নিম্ন তপশীল বর্ণিত ২-০-০ জমি মায় যাবতীয় ইজমেন্ট স্বত্বাদি দরবস্ত হকুক সম্পত্তি বিক্রয় করিবার ঘোষণা করিতে আপনারা উক্ত কোবালা গ্রহীতা তাহা জানিতে পারিয়া উহা উচিত মূল্যে খরিদ করিতে সম্মত হওয়ায় সর্ব্বোচ্চ বাজার দর মূল্য ৫,০০০ পাঁচ হাজার টাকা পণে অদ্য তারিখে উক্ত জমি আপনাদের নিকট সাফ বিক্রয় করিয়া উক্ত বিক্রীত সম্পত্তি হইতে এককালীন চির নি:স্বত্ব ও দখলচ্যুত হইলাম এবং উহাতে খাস দখল দিলাম ।

আপনারা অদ্যকার তারিখ হইতে আমার যাবতীয় স্বত্বে স্বত্ববান ভোগবান এবং দখলে দখলিকার ও দান বিক্রয়াদি সর্ব্ব প্রকার হস্তান্তর ও রূপান্তরের স্বত্বাধিকারী হইয়া মালিকান সরকারে আমার নামের পরিবর্তে আপনাদের নিজ নিজ নাম পত্তন করিয়া নিরূপিত করাদি আদায় দিয়া পুত্র পৌত্রাদি ওয়ারিশান ও স্থলাভিষিক্ত গণক্রমে পরম সুখে যদৃচ্ছা ভোগ দখল করিতে থাকুন । কস্মিন কালে আমি মায় ওয়ারিশান গণক্রমে উক্ত বিক্রীত সম্পত্তির উপর কোন প্রকার দাবী দাওয়া ওজরাপত্তি করিতে পারিব না বা যদি কেহ কোন প্রকার দাবী দাওয়া করে বা করি তাহা সর্ব্বত্র সর্ব্বাদালতে বাতিল ও নামঞ্জুর হইবে ।।

নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তিতে যাহা কিছু স্বত্ব স্বামিত্ব সংশ্রব লভ্য হক ও হকিয়ৎ ছিল বা আছে তৎ সমুদয় অদ্য হইতে রদ রহিত হইয়া অত্র সাফ কোবালা বলে আপনাদিগতে বর্তিল ।

নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি আমি ইতি পূর্ব্বে দান, বিক্রয় বা কোন প্রকার দায় সংযুক্ত করি নাই বা উহা কাহারও জামিন দায় আবদ্ধ →

বা উহা কাহারও জামিন দায়ে আবদ্ধ নাই বা উহা কোন মামলা মোকদ্দমার বিষয়ীভূত সম্পত্তি নহে বা আমি কাহারও বেনামদার নহি বা সরকারী বা বেসরকারী প্রতিষ্ঠান কর্তৃক নোটিশ জারী হয় নাই বা উহা ল্যান্ড এ্যাকুইজিশান বা রিকুইজিশানের অন্তর্ভুক্ত সম্পত্তি নহে, বা উহা কোন দেবসেবায় বা ট্রাস্ট ফান্ডে অর্পিত হয় নাই। উহা সম্পূর্ণ নিদর্দায় ও নির্দোষ অবস্থায় আমার খাস দখলে আছে তদবস্থায় অদ্য আপনাদের নিকট সাফ বিক্রয় করিলাম।

যদ্যপী ভবিষ্যতে উক্ত বিক্রীত সম্পত্তি সম্বন্ধে কোনও প্রকার দায় সংযোগাদি বা কোন প্রকার তথ্য কথা প্রকাশ পাইয়া বা উপরি উক্ত কোনটি মিথ্যা প্রতি পন্ন হইয়া আপনাদের খরিদা স্বত্ব দখলের কোন ক্ষতি হয় বা করে তাহা হইলে আমি মায় ওয়ারিশান গণক্রমে আপনাদের যাবতীয় ক্ষতি পূরণ করিয়া দিতে বাধ্য ও স্বীকৃত রহিলাম।।

প্রকাশ থাকে যে অত্র দলিল সংক্রান্ত কোন প্রকার ভুল ভ্রান্তি প্রকাশ পাইয়া আপনাদের খরিদা স্বত্ব আরও দৃঢ় বা কায়েম করনার্থে অত্র দলিলের পোষকতায় পরিপূরক কোন দলিল করিয়া দিবার আবশ্যক হয় তাহা হইলে আমি মায় ওয়ারিশান গণক্রমে বিনা পণে আপনাদের খরচায় দলিলাদি সহি সম্পাদন করিয়া দিতে বাধ্য ও স্বীকৃত রহিলাম।।

এতদর্থে স্ব-ইচ্ছায় সুস্থ শরীরে সরল মনে অন্যের বিনানুরোধে অত্র দলিলের মর্ম সম্যক অবগত হইয়া পণের লিখিত ৫,০০০ পাঁচ হাজার টাকা অদ্য তারিখে নিম্নের জায় মোতাবেক বুঝিয়া পাইয়া অত্র সাফ কোবলা দলিল সহি সম্পাদন করিয়া দিলাম। ইতি বাংলা ১৩৯৯ সালের ২২শে শ্রাবণ ইংরাজী ১৯৯২ সালের 7ই আগষ্ট।

।। তপশীল সম্পত্তির পরিচয় ।।

১) জেলা উত্তর ২৪ পরগণা থানা - রাজারহাট ও মৌজা রেকজোয়ানী গ্রামে জে. এল. নং ১৩, রে.সা. নং ১৯৮ তৌজি ২৯৯৮ নং সাবেক খতিয়ান ১৬১৮ নং হাল খতিয়ান ১৮৬৮ নং ভুক্ত রায়ত দখলি স্বত্ব বিশিষ্ট .৪১ শতকের

॥ ৫ ॥

খাজনা বার্ষিক ১ দ. আনা টাকার জমা হইতে খণ্ড হাল ১৮৬৮ ।১ নং খতিয়ানে .৩৪ শতকের খাজনা বার্ষিক ১.২০ পয়সার জমার ম জমি মধ্যে -

সাবেক ৩৪১ তিনশত একচল্লিশ দাগের হাল ৩৬৮ তিনশত আটষট্টি দাগে বাগান .৪০ শতক মধ্যে পূর্ব্বাধিকারীর প্রাপ্ত .২৫ শতক তন্মধ্যে .২০৩০ শত ক জমি হইতে আমার খরিদা .১০ দশ শতক স্থানীয় মাপে কমবেশী ৬-১-১০´ ছয় কাঠা এক ছটাক দশ বর্গফুট জমির মধ্যে ২ - ০ - ০´ (দুই) কাঠা কাত বার্ষিক হারাহারি মতে .১৬ পয়সার জমা জমি মায় দরবস্ত হকুক সম্পত্তি ও যাবতীয় ইজমেন্ট রাইট স্বত্বাদি বৃক্ষাদি আব্র আওলাতাদি ও অত্র কোবালা ভুক্ত হইল।

॥ যাহার চৌহদ্দি ॥
**************

উত্তরে :: - সাবেক ৩৪১ দাগের বক্রি জমি, দক্ষিণে :- অত্র দাগের জমি পূর্ব্বে ৩৩৮ দাগের জমি, পশ্চিমে :- ৩৪০, ৩৪১ নং দাগের বক্রী জমি।

॥ টাকার জায় ॥
************

রিঃ ব্যাঃ নোট ১০০ টাকা হিসাবে ৫০ কেতায় ৫,০০০ পাঁচ হাজার টাকা বুঝিয়া পাইলাম ॥

মুসাবিধাকারক ::-
--------------

সেখ আলাউদ্দিন আহম্মদ।
সাং - খাড়সা, রাজারহাট,
লাইসেন্স নং XVI 10.

॥ ইসাদী ॥

টাইপকারক ::-
********

বিপ্লব কুমার চৌধুরী
বিধাননগর সাব রেজিস্ট্রী অফিস,

0575

Regd.

[illegible] — I ... 150
Volume No. ... 117 ... 150
Pages ... 6836
Being No. ... 92
for the year ...

7/92

17.11.93